

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি আশেক মাহমুদ কলেজ  
জামালপুর

তারিখ : ২৯/০৭/২০২১

বিজ্ঞপ্তি


সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, সরকারি আশেক মাহমুদ কলেজে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১মবর্ষ সন্মান শ্রেণিতে ভর্তিচ্ছু প্রার্থীরা ২৮/০৭/২০২১ থেকে ১২/০৮/২০২১ তারিখ পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) এ প্রাথমিক আবেদন করতে পারবে। আবেদন ফরম A<sup>4</sup> (৮.৫ ইঞ্চি × ১১ ইঞ্চি) সাইজ অফসেট সাদা কাগজে দুই কপি প্রিন্ট করে এক কপি সংরক্ষণ করতে হবে। আবেদন ফি বাবদ জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা ০৬/০৮/২০২১ থেকে ১৪/০৮/২০২১ তারিখের মধ্যে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা নেওয়া হবে। সরকারি নির্দেশে চলাচলে কঠোর নিষেধাজ্ঞা বলবৎ থাকায় ভর্তির জন্য আবেদন গ্রহণ কার্যক্রম ০৬/০৮/২০২১ তারিখ থেকে শুরু করা হবে। টাকা ও আবেদন ফরম জমাদানের প্রক্রিয়া পরবর্তীতে জানানো হবে।

আবেদন ফরমপূরণের নিয়মাবলি :

- ১। আবেদনের সময় প্রার্থীকে সঠিকভাবে বিষয়সমূহ নির্বাচন করে প্রার্থীর পাসপোর্ট আকারের রঙিন ছবি (ল্যাভ. প্রিন্ট) স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120×150 Pixels, Image type:JPG এবং maximum file size: 50KB)
- ২। প্রার্থীকে ২০১৭/২০১৮ সালের এস.এস.সি/সমমান পরীক্ষায় এবং ২০১৯/২০২০ সালের এইচ.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। তবে উভয় পরীক্ষায় পৃথকভাবে জি.পি.এ ২.৫০ থাকতে হবে।
- ৩। ভর্তিচ্ছু বিষয়ে এইচ.এস.সি/সমমান পরীক্ষায় ন্যূনতম জি.পি.এ ৩.০০ থাকতে হবে।
- ৪। আবেদন ফরমে প্রার্থীকে স্বহস্তে স্বাক্ষর করতে হবে।

কলেজে ভর্তিযোগ্য বিষয়সমূহ:

বাংলা- ১০০১, ইংরেজি-১১০১, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি- ১৬০১, দর্শন- ১৭০১, ইসলামিক স্টাডিজ- ১৮০১, রাষ্ট্রবিজ্ঞান- ১৯০১, অর্থনীতি- ২২০১, হিসাববিজ্ঞান- ২৫০১, ব্যবস্থাপনা- ২৬০১, পদার্থবিজ্ঞান- ২৭০১, রসায়ন- ২৮০১, উদ্ভিদবিদ্যা- ৩০০১, প্রাণিবিদ্যা- ৩১০১ ও গণিত- ৩৭০১

  
সরকারি আশেক মাহমুদ কলেজ  
জামালপুর